

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২৯৬

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ সমস্ত হিংস্র প্রাণীর উচ্ছিষ্ট পাক, এই মর্মে হাদীস

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ أَسْآرَ السِّبَاعِ كلها طاهرة

## আরবী

1296 ـ أَخْبَرَنَا الْفَضِلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا الْقَعْنَبِيُّ عن مالك عن إسحاق بْنِ أَبِي طَلْحَةَ عَنْ حُمَيْدَةَ بِنْتِ عُبَيْدِ بْنِ رِفَاعَةَ عَنْ كَبْشَةَ بِنْتِ كَعْبِ بْنِ مَالِكٍ وَكَانَتْ تَحْتَ ابْنِ طَلْحَةَ عَنْ حُمَيْدَةَ بِنْتِ عُبَيْدِ بْنِ رِفَاعَةَ عَنْ كَبْشَةَ بِنْتِ كَعْبِ بْنِ مَالِكٍ وَكَانَتْ تَحْتَ ابْنِ أَبِي قَتَادَةَ : أَنَّ أَبَا قَتَادَةَ دَخَلَ عَلَيْهَا فَسَكَبَتْ لَهُ وُضُوءًا فَجَاءَتْ هِرَّةٌ تَشْرَبُ فَأَصْغَى أَبُو قَتَادَةَ الْإِنَاءَ فَشَرِبَتْ قَالَتْ كَبْشَةُ: فَرَآنِي أَنْظُرُ إِلَيْهِ فَقَالَ: أَتَعْجَبِينَ يَا ابْنَةَ أَخِي؟ فَقُلْتُ: فَتَادَةَ الْإِنَاءَ فَشَرِبَتْ قَالَتْ كَبْشَةُ: فَرَآنِي أَنْظُرُ إِلَيْهِ فَقَالَ: أَتَعْجَبِينَ يَا ابْنَةَ أَخِي؟ فَقُلْتُ: نَعُمْ فَقَالَ: إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم قَالَ: (إِنَّهَا لَيْسَتْ بِنَجَسٍ إِنَّمَا هِيَ مِنَ الطوافين عليكم والطوافات)

الراوي: كَبْشَة بِنْت كَعْبِ بْنِ مَالِكٍ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1296 | خلاصة حكم المحدث: حسن صحيح.

## বাংলা

১২৯৬. কাবশা বিনতু কা'ব বিন মালিক, যিনি আবূ কাতাদা রাদ্বিয়াল্লাহু আনহুর ছেলের স্ত্রী ছিলেন, তিনি বলেন, "আবূ কাতাদা রাদ্বিয়াল্লাহু আনহু একবার আমার কাছে আসেন, আমি তাঁর জন্য ওযূর পানি ঢেলে দিলাম। অতঃপর একটি বিড়াল আসলো পানি পান করার জন্য, তখন আবূ কাতাদা রাদ্বিয়াল্লাহু আনহু পাত্রটি কাত করে ধরেন ফলে বিড়ালটি পানি পান করে। কাবশা বলেন, "তখন তিনি দেখলেন যে, আমি তার দিকে (বিস্ময়ে) তাকিয়ে আছি। ফলে তিনি আমাকে বললেন, "ভাতিজী, তুমি অবাক হচ্ছো?" আমি বললাম, "হ্যাঁ।" জবাবে তিনি বলেন, "নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "নিশ্চয়ই এটি নাপাক নয়। নিশ্চয়ই এসব তোমাদের আশেপাশে প্রদক্ষিনকারী ও প্রদক্ষিনকারিণীদের অন্তর্ভুক্ত।"[1]

## ফুটনোট



[1] আবূ দাউদ: ৭৫; মুয়ান্তা ইমাম মালিক: ১/২২-২৩; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/২১-২২; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৩৫৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৩১; মুসনাদ আহমাদ: ৫/৩০৩; তিরমিযী: ৯২; নাসাঈ: ১/৫৫; ইবনু মাজাহ: ৩৬৭; দারেমী: ১/১৮৭-১৮৮; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/১৮; ইবনুল জারুদ: ৬০; সুনান বাইহাকী: ২৪৫১; বাগাবী, শারহুসসুন্নাহ: ২৮৬; হাকিম: ১/১৬০; সহীহ ইবনু খুযাইমাহ: ১০৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন (সহীহ আবূ দাউদ: ৬৮।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ কাবশা বিনতে কা'ব ইবনু মালিক

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন